11 JUN 1990

দৈনিক খবর ২২

তারিখ 11 JUN 1990
পৃষ্ঠা ... ২ ... কলাম ...

# খুলনা বিভাগে আরো ৫ হাজার প্রাইমারী স্কুল প্রতিষ্ঠা করতে হবে

খুলনা, ১০ই জুন (শিল্পাঞ্চল প্রতিনিধি)।- বিদ্যালয়ে গমনোপযোগী সকল শিশুকে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষার আওতায় আনার ঘোষণা কার্যকর করতে হলে এই বিভাগে আরো প্রায় ৫ হাজার প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠা করতে হবে বলে এক হিসেবে জানা গেছে।

খুলনা বিভাগের ১৬টি জেলায় বর্তমানে বিদ্যালয়ে গমনোপযোগী

২-এর পাতায় দেখুন

## খুলনা বিভাগে

প্রথম পৃষ্ঠার পর

শিশুর সংখ্যা ৩১ লাখ ৮২ হাজার ৩শ' ৪৩ জন। এদের মধ্যে বিদ্যালয়ে অধ্যয়ন করছে ২৩ লাখ ৩১ হাজার ৮শ' ৬ জন। প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা সরকারী ৭ হাজার ৬শ' ১২টি এবং বেসরকারী ১ হাজার ৯শ' ৬৯টি।

### বালিকা বিদ্যালয়ের স্বীকৃতি মিলছে না

খুলনা বিভাগের ৯টি নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়সহ ৪৩টি নিম্ন মাধ্যমিক বিদ্যালয় দীর্ঘদিনেও সরকারী স্বীকৃতি পায়নি।

গত বছর শিক্ষা মন্ত্রণালয় জারিকৃত সার্কুলার অনুযায়ী এসব স্কুল কর্তৃপক্ষ প্রয়োজনীয় শর্ত পূরণ করতে না পারায় সরকারী স্বীকৃতি মিলছে না। বর্তমান ও সাবেক মন্ত্রীদের নামে প্রতিষ্ঠিত ৩টি বিদ্যালয়ও স্বীকৃতি পায়নি। মন্ত্রণালয়ের শর্তে বলা হয়, কোন ব্যক্তির নামে নিম্ন মাধ্যমিক বিদ্যালয় প্রতিষ্ঠা করতে হলে তাঁকে কমপক্ষে ৬ লাখ টাকা খরচ দেখাতে হবে। বিদ্যালয় কর্তৃপক্ষ এই শর্ত পূরণ করতে ব্যর্থ হওয়ায় বিদ্যালয়গুলোর শিক্ষক ও শিক্ষার্থীরা সীমাহীন দুর্ভোগ পোহাচ্ছে।